বাংলাদেশ স্কাউটস

# অগ্রদূত

ডিজিটাল আপডেট

জুলাই ২০১৭




## "আদর্শ নাগরিক গড়তে তৃণমূলেও স্কাউট জোরদার চাই"

**–মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট**

১৩ জুলাই, ২০১৭ ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৪৬তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট জনাব মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ। বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ড. মোঃ মোজাম্মেল হক খান উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, উর্ধতন কর্মকর্তা, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নেতৃবৃন্দ, সম্মানিত কাউন্সিলর, বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড 'রৌপ্য ব্যাঘ্র' এবং দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড 'রৌপ্য ইলিশ'

• এরপর পৃষ্ঠা ২ ›››






অ্যাওয়াডপ্রাপ্ত স্কাউটারবৃন্দ, ইউনিট লিডার ও "প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড" অর্জনকারী স্কাউটবৃন্দ উপস্থিত ছিলেন।

শিশু, তরুণ ও যুবকদের আদর্শ ও মূল্যবান নাগরিক হিসেবে গড়ে তুলতে তৃণমূল পর্যায়ে স্কাউট আন্দোলন কর্মসূচি সম্প্রসারণ করতে সংশিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। একই সঙ্গে জঙ্গিবাদ ও সন্ত্রাসী কর্মকাণ্ড থেকে তরুণ সমাজকে দূরে রাখতে তাদের অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ করতেও সবার প্রতি আহ্বান জানান তিনি।

রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বাংলাদেশ স্কাউটসের ন্যাশনাল কাউন্সিলের ৪৬তম বার্ষিক সাধারণ সভায় দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। তিনি বলেন, 'বিশ্বব্যাপী প্রতিযোগিতায় টিকে থাকার জন্য একটি আধুনিক, প্রগতিশীল ও সৃজনশীল জাতি হিসেবে নতুন প্রজন্মকে এগিয়ে নিতে স্কাউটিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে'।

রাষ্ট্রপতি বলেন, স্কাউট আন্দোলনের মাধ্যমে শিশু, তরুণ ও যুবকদের আত্মনির্ভরশীল, দেশপ্রেমিক, আত্মবিশ্বাসী ও সুনাগরিক হিসেবে গড়ে তুললে তারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' গড়ে তোলার জন্য ভূমিকা রাখতে পারবে।

রাষ্ট্রপতি বর্তমানে ১৬ লাখ থেকে ২১ লাখ পর্যন্ত স্কাউট সদস্য বাড়াতে বাংলাদেশ স্কাউটস ন্যাশনাল স্ট্র্যাটেজিক প্যান-২০২১-এর নেওয়া উদ্যোগের প্রশংসা করেন। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব সম্পর্কে সচেতনতা বাড়ানোর ক্ষেত্রে স্কাউটরা কাজ করতে পারে উল্লেখ করে তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা ও ভূমিধসের ঘটনাগুলো উদ্বেগের কারণ হয়ে উঠেছে।

স্কাউট আন্দোলনের অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি ও দেশের প্রধান স্কাউট আশা প্রকাশ করেন, আগামী দিনে আরো অনেক শিশু-তরুণ ও যুবক স্কাউট আন্দোলনের সঙ্গে যুক্ত হয়ে সামনের দিকে নিয়ে যেতে সক্ষম হবে।

স্কাউটিং কার্যক্রমে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ৬ জন স্কাউটারকে বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড 'রৌপ্য ব্যাঘ্র' এবং ২০ জন স্কাউটারকে দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড 'রৌপ্য ইলিশ' অ্যাওয়ার্ড প্রদান করেন। এছাড়াও ২০১৬ সালে সারাদেশের ৩২৭ জন "প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড" অর্জনকারী স্কাউট সদস্যদের মধ্যে প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড বিতরণ করেন।



# যারা পুনরায় দায়িত্ব পেলেন


১৩ জুলাই, ২০১৭ ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৪৬তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কাউন্সিল সভায় আগামী তিন বছরের জন্য সভাপতি, সহ সভাপতি, প্রধান জাতীয় কমিশনার ও কোষাধ্যক্ষ হিসেবে যারা দ্বিতীয় বারের মতো দায়িত্ব পেলেন–




**জনাব মোঃ আবুল কালাম আজাদ**
সভাপতি



**ড. মোঃ মোজাম্মেল হক খান**
প্রধান জাতীয় কমিশনার



**জনাব মোঃ হাবিবুল আলম, বীর প্রতীক**
সহ সভাপতি



**জনাব মোঃ আবদুস সালাম খান**
কোষাধ্যক্ষ

# হজ যাত্রীদের জন্য রোভার স্কাউটদের সেবাদান কার্যক্রম উদ্বোধন করলেন মাননীয় ধর্ম বিষয়ক মন্ত্রী

২১ জুলাই ,২০১৭ শুক্রবার, 'হজ ক্যাম্প, আশকোনা, ঢাকায়' সম্মানিত হজ যাত্রীদের জন্য রোভার স্কাউটদের সেবাদান কার্যক্রম এর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান।




বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ড. মোঃ মোজাম্মেল হক খান প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল জলিল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ শাহ কামাল, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন)। স্বাগত বক্তব্য দেন জনাব মোঃ মোহসীন, যুগ্ম সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), ধন্যবাদ জ্ঞাপন করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), শুভেচ্ছা বক্তব্য রাখেন জনাব মোঃ জামাল উদ্দিন সিকদার, জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), জনাব এ কে এম সেলিম চৌধুরী, সম্পাদক, রোভার অঞ্চল এবং হজ অফিসার। এছাড়াও বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

১৯৭৭ সালে প্রথমবারের মত হজ ক্যাম্পে রোভার স্কাউটদের সেবাদান কার্যক্রম শুরু হয়। সেই থেকে পর্যায়ক্রমে আজ ২০১৭ সাল এসে তা ৪১ বছরে পা রাখছে। যা একটি যুগান্তকারী ঘটনা। বর্তমানে স্থায়ী হজ্জ ক্যাম্পে রোভার স্কাউটরা প্রতি বছর প্রায় ৩৮-৪০দিন ব্যাপী সম্মানিত হজ যাত্রীগণকে সেবা দিয়ে থাকে। প্রতিদিন ৬ঘন্টা করে ৪টি শিফটে প্রায় ১০০জন রোভার স্কাউট ও কর্মকর্তা হজ ক্যাম্পে সেবাদান কার্যক্রমে অংশগ্রহণ করে। পুরো ক্যাম্পে প্রায় ৪০০০ জন রোভার স্কাউট ও কর্মকর্তা এই দায়িত্ব পালন করে । হজ ক্যাম্পে রোভার স্কাউটরা সেবাদান কার্যক্রমকে একটি পবিত্র দায়িত্ব হিসেবে মনে করে অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে থাকে।








# জাতীয় ট্রেনার্স কনফারেন্স অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ বিভাগের পরিচালনায় ও ব্যবস্থাপনায় ২৭-২৯ জুলাই ২০১৭ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে ৩(তিন) দিনব্যাপী জাতীয় ট্রেনার্স কনফারেন্স অনুষ্ঠিত হয়। কনফারেন্স ডাইরেক্টরের দায়িত্ব পালন করেন স্কাউটার মোঃ মহসিন, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ)। জাতীয় ট্রেনার্স কনফারেন্সের প্রধান স্কাউট ব্যক্তিত্ব ও বাংলাদেশ স্কাউটস এর সহ সভাপতি স্কাউটার মোঃ হাবিবুল আলম, বীর প্রতীক বক্তব্য রাখেন ও কনফারেন্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন। তিনি তাঁর বক্তব্যে বলেন প্রবীন স্কাউটারগণ যেন প্রতিবার আসতে পারে তার ব্যবস্থা করার জন্য প্রশিক্ষণ বিভাগকে পরামর্শ দেন। বাংলাদেশ স্কাউটস এর সম্প্রসারণে প্রশিক্ষণ কার্যক্রমের মান উন্নয়ন করা প্রয়োজন মর্মে তিনি ট্রেনার্স হ্যান্ডবুক-১, ২ ও ৩ পুনঃসংস্কারের কথা বলেন। ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে নবীন স্কাউটারদের চাহিদা ও পরামর্শ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। নিজেদের কী প্রত্যাশা আছে তা বিশ্লেষণ করার কথাও উল্লেখ করেন। উডব্যাজার থেকে এলটি পর্যন্ত সকল পর্যায়ের স্কাউটারগণের গুণগত মানোন্নয়নে ব্যাডেন পাওয়েলের স্কাউটিং ফর বয়েজ এবং রোভারিং টু সাকসেস বই দুটি পাঠ করার জন্য বিশেষ গুরুত্ব প্রদান করেন। স্বাগত বক্তব্য রাখেন কনফারেন্স ডাইরেক্টর স্কাউটার মোঃ মহসিন, এলটি। তিনি তাঁর বক্তব্যে কনফারেন্সের উদ্দেশ্য ও যৌক্তিকতা তুলে ধরে সবাইকে স্বাগত জানান।

২৮ জুলাই ২০১৭ তারিখ প্রধান অতিথি ও প্রধান স্কাউট ব্যক্তিত্বের আগমনের মধ্য দিয়ে শুরু হয় ট্রেনার্স নাইট। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, সভাপতি, বাংলাদেশ স্কাউটস এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমম্বয়ক। প্রধান স্কাউট ব্যক্তিত্ব





হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। ট্রেনার্স কনফারেন্সের কার্যক্রম তুলে ধরেন কনফারেন্স ডাইরেক্টর জনাব মোঃ মহসিন। প্রধান স্কাউট ব্যক্তিত্ব প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান তাঁর চমৎকার ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি প্রতি বছর ট্রেনার্স কনফারেন্স করা যায় কি না, বিষয়টির ব্যাপারে প্রশিক্ষণ বিভাগকে পরামর্শ প্রদান করেন। তাঁর বক্তব্যে ট্রেনার্স কনফারেন্সের মাধ্যমে বিজ্ঞ ও অভিজ্ঞ ট্রেনারদের কাছ থেকে অভিজ্ঞতা সঞ্চয় করার বিষয়ে আলোকপাত করেন। তিনি অগ্রজদের অভিজ্ঞতাকে অভিবাদন জানান। সমঝোতার মাধ্যমে সময়কে যথাযথভাবে কাজে লাগিয়ে আগামী দিনে কাউকে পেছনে না ফেলে কিভাবে আমরা আমাদের কর্মপরিধি নির্ধারণ করব সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন। গবেষণার মাধ্যমে বাংলাদেশ স্কাউটস এর ইতিহাসকে সামনে নিয়ে আসার বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন। বাংলাদেশ স্কাউটস এর মিউজিয়ামের আধুনিকীরণের বিষয়টিও তিনি সামনে আনেন। কাজের ক্ষেত্রে চিন্তার ডাইভারসিফিকেশন এর মাধ্যমে বাংলাদেশ স্কাউটস কে সমৃদ্ধকরণের কথা বলেন। প্রধান অতিথি জনাব মোঃ আবুল কালাম আজাদ, সভাপতি, বাংলাদেশ স্কাউটস স্মৃতিচারণের মাধ্যমে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি অগ্রজ স্কাউটারদের স্মরণ করেন। তার পিআরএস অর্জন, মৌচাকে আগমনের প্রথম দিন, জাম্বুরীতে অংশগ্রহণ, ট্রেনার্স হ্যান্ডবুক প্রকাশনা, বিদেশীদের কোর্সে অংশগ্রহণ, বিভিন্ন পর্যায়ে তাঁর স্কাউটিং জীবন সম্পর্কে বক্তব্য প্রদান করেন। তিনি মৌচাকের বিবর্তনের ইতিহাস সম্পর্কেও কথা বলেন। স্কাউটারদের কার্যক্রমের ভিজিবিলিটি বাড়ানোর সাথে সাথে সততা, নৈতিকতা, চারিত্রিক দৃঢ়তা নিয়ে স্কাউটিং করার বিষয়ে গুরুত্বারোপ করেন। যেসব হারিয়ে যাওয়া অভিজ্ঞ প্রশিক্ষকগণ জীবনের স্বর্ণসময় স্কাউটিংয়ে অতিবাহিত করেছেন তিনি তাঁদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) ও কনফারেন্স চীফ কো অর্ডিনেটর। অন্যান্যদের মাঝে জাতীয় কমিশনার (অ্যাডাল্ট রিসোর্সেস) জনাব ফেরদৌস আহম্মেদ, জাতীয় কমিশনার (প্রকল্প) জনাব মোঃ মাহমুদুল হক, জাতীয় কমিশনার (ফাউন্ডেশন) জনাব মুঃ তৌহিদুল ইসলাম, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) জনাব মোঃ শাহ কামালসহ জাতীয় উপ কমিশনার, গাজীপুরের জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



# প্রথম জাতীয় ইন্টারনেট জাম্বুরী






স্কাউট ও রোভার স্কাউটদের তথ্য প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলা এবং তথ্য প্রযুক্তির মাধ্যমে যোগাযোগ দক্ষতা বৃদ্ধিসহ আধুনিক জ্ঞান বিজ্ঞানের কলাকৌশল অর্জনের লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগের পরিচালনায় ০৮-০৯ জুলাই ২০১৭ দেশব্যাপী প্রথম জাতীয় ইন্টারনেট জাম্বুরী ২০১৭ অনুষ্ঠিত হয়। দেশব্যাপী অনুষ্ঠিত এই ইন্টারনেট জাম্বুরীতে ৪০০০ জন স্কাউট ও রোভার স্কাউটস সক্রিয়ভাবে অংশগ্রহণ করে এবং অনলাইনে সনদ অর্জন করে। ইন্টারনেট জাম্বুরী বাস্তবায়নের জন্য একটি বিশেষ ওয়েবসাইট ও জাম্বুরী প্রোগ্রামসহ বিশেষ সফটওয়ার তৈরী করা হয়। স্কাউট ও রোভার স্কাউটগণ জাম্বুরী ওয়েব সাইট–www.bsnij.com এ প্রবেশ করে প্রথমে রেজিঃ সম্পন্ন করে। জাম্বুরীতে সর্বমোট ১,২০,০০০ ম্যাসেজ ও তথ্য আদান প্রদান করে স্কাউটগণ তাদের যোগাযোগ দক্ষতা বৃদ্ধি করে বিভিন্ন বিষয়ে জ্ঞান অর্জনসহ নিজেদের মধ্যে বন্ধুত্ব তৈরী করে।

আঞ্চলিক স্কাউটসের সার্বিক তত্ত্বাবধানে দেশের জেলা স্কাউটস, জেলা রোভার, উপজেলা স্কাউটস ও ইউনিট এর পরিচালনায় এই জাম্বুরী বাস্তবায়ন করা হয়। এছাড়াও স্কাউট ও রোভার স্কাউটগণ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান বা বাসা থেকেও স্মার্ট ফোন, ল্যাপটপ ও কম্পিউটারের সাহায্যে ইন্টারনেট জাম্বুরীতে অংশগ্রহণ করে। বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনায় জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকায় বেইসক্যাম্প হতে ০৮ জুলাই ১৭ তারিখ সকাল ১০টায় আনুষ্ঠানিকভাবে জাম্বুরী উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা মেট্রোপলিটন এলাকার ২০০ জন রোভার স্কাউট ও স্কাউট অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন, জনাব মোঃ মনিরুল ইসলাম খান, জাতীয় উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জনাব মোঃ আরিফুজ্জমান, জাতীয় উপ কমিশনার (অ্যাডাল্ট রিসোর্সেস) বাংলাদেশ স্কাউটস, জনাব মোঃ আবু মোতালেব খান, যুগ্ম নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক, বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প এবং সৈয়দ জাহাঙ্গীর আলম, সদস্য স্পেশাল ইভেন্টস বিষয়ক জাতীয় কমিটি। অতিথিগণ বক্তব্য শেষে রেজিঃ করে জাম্বুরীতে অংশগ্রহণ করে। প্রধান স্কাউট ব্যক্তিত্ব কর্তৃক জাম্বুরীর উদ্বোধন ঘোষণার পর উপস্থিত স্কাউট ও রোভার স্কাউটরা অনলাইনে ৫টি চ্যালেঞ্জ এ অংশগ্রহণ করে সনদপত্র অর্জন করে। প্রথম জাতীয় ইন্টারনেট জাম্বুরী উপলক্ষে জাতীয় সদর দফতরে একটি অ্যামেচার রেডিও স্টেশন স্থাপন করা হয়। স্কাউট ও রোভার স্কাউটগণ অ্যামেচার রেডিও এর মাধ্যমে যোগাযোগ স্থাপন করে এবং অ্যামেচার রেডিও সম্পর্কে জ্ঞান অর্জন করে।

# ঢাকা অঞ্চলের ৩২তম বার্ষিক সাধারণ সভা

বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ৩২তম বার্ষিক সাধারণ সভা ২২ জুলাই, ২০১৭ নিজাম হল, ঢাকা মেট্রোপলিটন স্কাউট ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের সভাপতি এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর চেয়ারম্যান প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান। সভায় ৮৩ জন কাউন্সিলর উপস্থিত ছিলেন।

বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ৩২তম বার্ষিক সাধারণ সভার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার এবং সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ড. মোঃ মোজাম্মেল হক খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের পৃষ্ঠপোষক ও বিভাগীয় কমিশনার, ঢাকা জনাব হেলালুদ্দীন আহমদ। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক সম্পাদক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন ভূঞা। শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক কমিশনার জনাব গৌর চন্দ্র মন্ডল, উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জনাব








হেলালুদ্দীন আহমদ, পৃষ্ঠপোষক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল ও বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

১৩ জুলাই, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৪৬তম বার্ষিক (ত্রৈবার্ষিক) সাধারণ সভায় ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার মহোদয় পুনঃ নির্বাচিত হওয়ায় তাঁকে বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের পক্ষ থেকে সম্মাননা প্রদান করা হয়।

# বাংলাদেশ স্কাউটস,ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক কাউন্সিলের ১ম সাধারণ সভা





১০ জুলাই ২০১৭ ইং আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহে নবগঠিত বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক কাউন্সিলের ১ম সাধারণ সভা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব জি.এম. সালেহ উদ্দিন, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ, সভাপতি হিসেবে প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা, বিশেষ অতিথি জনাব মোঃ রেজাউল করিম, জাতীয় উপ কমিশনার(সংগঠন),বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতরের প্রতিনিধি জনাব মোঃ আবু মোতালেব খান, যুগ্ম নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা আঞ্চলিক স্কাউটস প্রতিনিধি জনাব এএসএম আব্দুল খালেক, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ, জনাব জিএনআর আবুল বাশার, কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল। শুভেচ্ছা বক্তব্য রাখেন জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন ভূঞা, আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল, জনাব মোঃ জুলকার নায়ন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুক্তাগাছা এবং স্বাগত বক্তব্য রাখেন জনাব সত্য রঞ্জন বর্মন, সদস্য সচিব, আহবায়ক কমিটি ও উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ।

উক্ত কাউন্সিলে ৩৮ জন কাউন্সিলর এর মধ্যে ৩৬ জন সম্মানিত কাউন্সিল উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন জনাব মো: শামসুল হক, পরিচালক (সংগঠন), বাংলাদেশ স্কাউটস। কাউন্সিল সভা অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশ স্কাউটসের ১৩তম অঞ্চল হিসেবে নবগঠিত ময়মনসিংহ অঞ্চলের যাত্রা শুরু হয়। ময়মনসিংহ অঞ্চলের নব নিযুক্ত কর্মকর্তাগণ হলেন ১. জনাব মোহাম্মদ মোহসীন উদ্দিন, সহ-সভাপতি; ২. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ময়মনসিংহ ও সহ-সভাপতি; ৩. জনাব ইন্দু ভূষণ দেব, সহ-সভাপতি; ৪. এডভোকেট মোঃ সরওয়ার জাহান, সহ-সভাপতি; ৫. জনাব এনামুল হক, সহ-সভাপতি; ৬. জনাব এ,এস,এম আব্দুল খালেক, আঞ্চলিক কমিশনার, ও উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল; ৭. জনাব মোঃ আশরাফুল ইসলাম, কোষাধ্যক্ষ; ৮. জনাব মোঃ জামাল উদ্দিন আকন্দ, সম্পাদক; ৯. জনাব মোহাম্মদ আব্দুছ ছালাম, যুগ্ম সম্পাদক; ১০. লিডার ট্রেনার প্রতিনিধি জনাব মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষক; ১১. লিডার ট্রেনার প্রতিনিধি জনাব ফাতেমা আক্তার খাতুন, সদর, ময়মনসিংহ; ১২. কাউন্সিলর প্রতিনিধি হিসেবে জনাব মোঃ আবুল হোসেন খান; ১৩. কাউন্সিলর প্রতিনিধি হিসেবে জনাব মোঃ লুৎফুর হায়দার ফকির।

# প্রধান জাতীয় কমিশনারকে সংবর্ধনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান দ্বিতীয়বার বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার নির্বাচিত হওয়ায় আমরা স্কাউট গ্রুপ এর পক্ষ থেকে ২২ জুলাই, ২০১৭ শামস হল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় সংবর্ধনা প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধান জাতীয় কমিশনার। প্রফেসর নাজমা শামস এর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আমরা স্কাউট গ্রুপের সম্পাদক জনাব মোঃ মনিরুল ইসলাম খান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনাব জনাব মোঃ শাহ কামাল, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), জনাব জিল্লার রহমান, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জনাব মোঃ মহসিন, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ), কাজী নাজমুল হক, জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), জনাব মোঃ মোহসীন, যুগ্ম সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), জনাব এস এম ফেরদৌস, জাতীয় উপ কমিশনার (মেম্বাশীপ গ্রোথ) ধন্যবাদ জ্ঞাপন করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)।








# শোক সংবাদ

বাংলাদেশ স্কাউটস এর লিডার ট্রেনার ও সাবেক জাতীয় উপ কমিশনার (প্রশিক্ষণ) অধ্যক্ষ মোঃ রিয়াজুল ইসলাম বসুনিয়া ৩০ জুলাই, ২০১৭ তারিখে ৭৫ বছর বয়সে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।



## International Events

**41st World Scout Conference**
14-18 August, 2017
Azerbaijan

**APR Workshop on Adult Supp to Youth Programme**
21-24 September, 2017
Hong Kong

**MoP Evaluation**
21-23 August, 2017
Mongolia

**Scout Shop Manager's Meet**
2-3 September, 2017
Philippines

**APR Staff Development Workshop**
11-15 September, 2017
Philippines

**APR Environment Education Workshop**
29 Sept - 3 Oct, 2017
Srilanka

**APR Scouting Profile Sub Committee Meeting**
9 October 2017
Bangladesh

**APR Workshop on Strategic Partnership**
10-13 October 2017
Bangladesh

**APR Scout Education Forum**
9-12 December 2017
Bangladesh

## যদি আরও জানতে চান...

অফিসিয়াল ফেইসবুক পেজ:
www.facebook.com/bangladeshscouts(official)

ক্লিক করুন:
www.scouts.gov.bd

## নোটিশ বোর্ড

বাংলাদেশ স্কাউটস ইনবক্সে স্কাউটিং সম্পর্কিত সংবাদ, প্রতিবেদন এবং ছবি পাঠানোর ঠিকানা

**বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর**
**৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড**
**কাকরাইল, ঢাকা-১০০০।**
**ফোন : ০২ ৯৩৩৩৬৫১**
**মোবাইল : ০১৭১২-৮৬৪১১৫**
**ই-মেইল :**
ncshahriar@yahoocom
probangladeshscouts@gmail.com


## সম্পাদনা পরিষদ

**প্রধান উপদেষ্টা**
**ড. মোঃ মোজাম্মেল হক খান**
প্রধান জাতীয় কমিশনার

**সম্পাদক**
**সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার**
জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং)

**প্রকাশক**
**আরশাদুল মুকাদ্দিস**
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

**নির্বাহী সম্পাদক**
**মোঃ মশিউর রহমান**
উপ পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)

**প্রকাশনায়**
জনসংযোগ ও মার্কেটিং বিভাগ
বাংলাদেশ স্কাউটস